গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন দপ্তর,প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক,ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নংঃ-৩৩.০১.০০০০.৬০০.২২.০০৬.১৭- ১৪৯৩ তারিখঃ- ২১/১০/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ গত ২৩-০৯-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত **National Technical Regulatory Committee (NTRC)** সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

National Technical Regulatory Committee (NTRC) সভা কমিটির আহবায়ক এস এম ফেরদৌস আলম, অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ -২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ২৩-০৯-২০২১ইং তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

২১/১০/২০২১
(ডাঃ ভবতোষ কান্তি সরকার)
পরিচালক
কৃত্রিম প্রজনন দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

কার্যার্থে বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ।

১-২। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৩। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ও সদস্য NTRC কমিটি ।
৪। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার,ঢাকা ও সদস্য NTRC কমিটি ।
৫। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণী প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,ময়মনসিংহ ও সদস্য NTRC কমিটি।
৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC কমিটি।
৭। প্রফেসর ড. লাম ইয়া আসাদ,এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়,ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৮। উপ পরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর,ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৯। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকার সদস্য NTRC কমিটি।
১০। ড. গৌতম কুমার দেব, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই,সাভার, ঢাকা ও সদস্য NTRC কমিটি।
১১। এ.সি.আই এনিম্যাল জেনেটিক্স এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।
১২। আমেরিকান ডেইরী লিঃ এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।
১৩। ব্র্যাক (কৃত্রিম প্রজনন ডিভিশন) এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।
১৪। বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।

সদয় অবগতির জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
www.mofl.gov.bd

**National Technical Regulatory Committee (NTRC) এর ২৩-০৯-২০২১ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এস এম ফেরদৌস আলম<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | ঃ | ২৩-০৯-২০২১ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা |
| সভাস্থল | ঃ | প্রাণিসম্পদ অধিদপ্তরের সভাকক্ষ |
| উপস্থিতি | ঃ | সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি NTRC এর সভায় উপস্থিত অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে NTRC এর কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব পরিচালক, কৃত্রিম প্রজনন কে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য আহবান জানান।

২। পরিচালক, কৃত্রিম প্রজনন সকল সদস্যকে স্বাগত জানিয়ে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য পাঠ করেন। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কার্যবিবরণী সংশোধন সাপেক্ষে অনুমোদনের জন্য প্রস্তাব করেন।

৩। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি প্রতিবেদন, বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন/নবায়ন সংক্রান্ত আলোচনা, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ, কৃত্রিম প্রজনন নীতিমালা ও নতুন জাত/উপজাত রেজিষ্ট্রেশন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন/সংশোধন বিষয়ক প্রস্তাবনা এবং বিবিধ বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

৪। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ আলোচনায় অংশগ্রহণ করে বিগত সভার কার্যবিবরণীর ৮.২ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে এনিম্যাল প্রডাকশন অফিসার (যার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এনিম্যাল হাজবেন্ড্রি বিষয়ে স্নাতক ডিগ্রী) অন্তর্ভূক্ত থাকার সিদ্ধান্ত হয়েছিল, তা কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত করার অনুরোধ জানান।

৫। ডাঃ মঞ্জুর মোহাম্মদ শাহজাদা, পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা আলোচনায় অংশগ্রহণ করে প্রজনন প্রাণী আমদানির ক্ষেত্রে কোন দেশকে নেতিবাচকভাবে উপস্থাপন না করে অন্য দেশ/অঞ্চল হতে প্রজনন প্রাণী আমদানিতে উৎসাহিত করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

৬। ডাঃ দেবাশীষ দাশ, পরিচালক সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা আলোচনায় অংশগ্রহণ করে বেসরকারী সংস্থার মাসিক প্রতিবেদন মেইল মারফত অথবা হার্ডকপি উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রেরণের বিষয়ে গুরুত্ব প্রদান করেন।

৭। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ একজন কৃত্রিম প্রজনন কর্মী এক মাসে কতটি কৃত্রিম প্রজনন করতে পারে তা নির্ধারণ করার প্রস্তাব করেন।

৮। ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক, এসিআই এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, বিগত সভার কার্যবিবরণীর ৮.২ এর সিদ্ধান্তের আলোকে প্রাণীর ভ্রুণ যে দেশেই ব্যবহার করা হোক ভ্রুণ উৎপাদনকারী দেশকে উৎস দেশ হিসেবে বিবেচনা করার প্রস্তাব করেন। তাছাড়া সরকার কর্তৃক প্রণীত কৃত্রিম প্রজনন রেজিষ্ট্রারের অবিকল কপি মাঠ পর্যায়ে কর্মরত এসিআই এর কৃত্রিম প্রজনন কর্মীদের মাঝে সরবরাহ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৯। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা এবং ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা বোয়ের জাতের ছাগল আমদানির বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করে দেশীয় ব্ল্যাক বেঙ্গল জাতের উন্নয়ন এবং সংরক্ষণের জন্য ব্রিডিং পলিসি-২০০৭ বহির্ভূত বোয়ের জাত আমদানি না করার বিষয়ে মত প্রকাশ করেন।

১০। জনাব এস.এম ফেরদৌস আলম, অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও সভাপতি, NTRC আলোচনায় অংশ নিয়ে বলেন, মাঠ হতে প্রাপ্ত ও সভায় উপস্থাপিত কৃত্রিম প্রজনন কার্ড পর্যালোচনায় দেখা যায় আমেরিকান ডেইরী লিমিটেড কৃত্রিম প্রজনন কার্যক্রমে অননুমোদিত জাত ফ্লেকভি ও ব্রাহমা ষাঁড়ের সিমেন ব্যবহার করছে, যা ব্রিডিং পলিসি-২০০৭ এর সুস্পষ্ট লঙ্ঘন। তদুপরি প্রতিষ্ঠানটি তাদের কার্যক্রমের প্রতিবেদন দাখিল করেনি। সার্বিকভাবে NTRC এর পূর্ববর্তী সভার সিদ্ধান্ত প্রতিপালনে তারা আন্তরিক নয়। তিনি এ বিষয়ে লিখিতভাবে ব্যাখ্যা চাওয়ার জন্য প্রস্তাব করেন এবং ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন বাতিল করা হবে মর্মে সতর্ক করেন। কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের (কর্মী এবং কর্ম এলাকা নির্ধারণ) ক্ষেত্রে সুবিধাবঞ্চিত এলাকাকে প্রাধান্য দেয়ার বিষয়ে তিনি সভায় মত প্রকাশ করেন। তিনি রংপুর পোল্ট্রি লিঃ কর্তৃক হলিস্টিন ফ্রিজিয়ান জাতের ২০০টি গর্ভবতী বকনা এবং ১০০০ ডোজ সিমেন আমদানির সুপারিশ অধিকতর যাচাই বাছাই করার জন্য প্রস্তাব করেন।

১১। সভায় অন্যান্য সদস্যগণ স্বতঃস্ফূর্তভাবে আলোচনায় অংশগ্রহণ করেন এবং সিদ্ধান্ত গ্রহণে সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।

১২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১২.১ | ২৪/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিম্নরূপ সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ<br>বিগত সভার কার্যবিবরণীর ৮.২ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে এনিম্যাল প্রডাকশন অফিসার (যার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এনিম্যাল হাজবেন্ড্রি বিষয়ে স্নাতক ডিগ্রী) অন্তর্ভূক্ত করা এবং<br>বিগত সভার কার্যবিবরণীর ৮.৯ এর সিদ্ধান্ত " জাতীয় বৃহত্তর স্বার্থে জীবন্ত প্রজনন ষাঁড়/গাভী/বকনা ইত্যাদি আমদানি করার ক্ষেত্রে অস্ট্রেলিয়া পরিহার করে উত্তর আমেরিকা ও ইউরোপকে প্রধান্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।" অংশটুকু নিম্নলিখিতভাবে প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>"জাতীয় বৃহত্তর স্বার্থে জীবন্ত প্রজনন ষাঁড়/গাভী/বকনা ইত্যাদি আমদানি করার ক্ষেত্রে উত্তর আমেরিকা ও ইউরোপকে প্রধান্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।" | NTRC |
| ১২.২ | কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের (কর্মী এবং কর্ম এলাকা নির্ধারণ) ক্ষেত্রে সুবিধাবঞ্চিত এলাকাকে প্রাধান্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা। |
| ১২.৩ | বেসরকারী সংস্থার কৃত্রিম প্রজনন কার্যক্রমের উপজেলাভিত্তিক মাসিক রিপোর্ট মাসের শেষ সপ্তাহে সংশ্লিষ্ট জেলা পর্যায়ে উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রেরণ করে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা, উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১২.৪ | আমেরিকান ডেইরীকে অননুমোদিত জাতের প্রজনন ষাঁড় (ফ্লেকভি ও ব্রাহমা ইত্যাদি) দ্বারা মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন করা এবং প্রতিবেদন দাখিল না করার জন্য লিখিতভাবে ব্যাখ্যা চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১২.৫ | স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান ব্যতীত বেসরকারী সংস্থা ও ব্যক্তি কর্তৃক গবেষণার উদ্দেশ্যে অননুমোদিত জাতের ব্যবহার/সংরক্ষণ/ আমদানি ইত্যাদি নিরুৎসাহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১২.৬ | বেসরকারী সংস্থার এআই কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করার জন্য কৃত্রিম প্রজনন রেজিষ্ট্রারের ব্যবহার বাধ্যতামূলক করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১২.৭ | এলিট গাভী/বকনা (দৈনিক সর্বোচ্চ দুধ উৎপাদন কমপক্ষে ১০ লিটার) জাতীয়ভাবে ইউনিক ইয়ার ট্যাগিং এর উপস্থাপিত প্রস্তাবনা অধিকতর পর্যালোচনা করে পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১২.৮ | ব্র্যাক বুল এন্ড বাক স্টেশন, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিঃ এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি। |
| ১২.৯ | **বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ**<br>**১২.৯.১।** রংপুর পোল্ট্রি লিঃ কর্তৃক হলিস্টিন ফ্রিজিয়ান জাতের ২০০টি গর্ভবতী বকনা এবং ১০০০ ডোজ সিমেন আমদানির সুপারিশ অধিকতর যাচাই বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**১২.৯.২।** আরিয়ান ট্রেডিং, দক্ষিণ কালীবাড়ী-২, কমলাপুর, ফরিদপুর সদর, ফরিদপুর কর্তৃক দক্ষিণ আফ্রিকা হতে ৫০টি শাহিওয়াল জাতের ষাঁড় গরু ৫০টি গাভী আমদানির সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**১২.৯.৩।** খোঁয়াড়, রাধাকান্তপুর, বুড়িপোতা, মেহেরপুর সদর, মেহেরপুর দক্ষিণ আফ্রিকা হতে বোয়ের জাতের ছাগল ও ছাগী আমদানির আবেদন সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | ১২.৯.৪। ইয়োন বায়ো সায়েন্স লিঃ, তেজগাঁও, ঢাকা কর্তৃক ইউএসএ হতে ৪০০ টি হলিস্টিন ফ্রিজিয়ান জাতের গর্ভবতী বকনা আমদানির আবেদনের প্রেক্ষিতে গঠিত কমিটির প্রতিবেদন গ্রহণযোগ্য হওয়ায় আমদানির অনুমতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২.৯.৫। ব্রাহামা ষাঁড়, গাভী ও গর্ভবতী বকনা গরু আমদানির অনুমতি প্রদান/ অনুমতি প্রদান না করার বিষয়ে Scientific Explanation (বাংলাদেশ প্রেক্ষাপটে) গঠিত কমিটির উপস্থাপিত বিজ্ঞানভিত্তিক প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় ব্রাহামা জাতের গরু আমদানির অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২.১০ | দেশীয় গবাদি পশুর নতুন জাত/উপজাত রেজিষ্ট্রেশন সংক্রান্ত নীতিমালা প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কর্তৃক প্রণয়ন করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি। |
| ১২.১১ | লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট(বিডি) লিঃ, ভালুকা, ময়মনসিংহ এবং প্যারাগন গ্রুপ NTRC কমিটিতে অর্ন্তভূক্তির জন্য আবেদন পরবর্তী কমিটি পূনর্গঠনের সময় বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১২.১২ | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্তসমূহ অধিকতর আন্তরিকতার সাথে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৩/১০/২০২১

(এস এম ফেরদৌস আলম)
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
ও
সভাপতি NTRC।